সমকাল

তারিখ 31 MAR 2016
পৃষ্ঠা ২০ কলাম ১

পরীক্ষা শুরু রোববার

# এইচএসসির প্রশ্ন ফাঁস ঠেকাতে ডিসিদের চিঠি

■ সমকাল প্রতিবেদক

দেশের ১০টি শিক্ষা বোর্ডের অধীনে ২০১৬ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষা আগামী রোববার থেকে একযোগে শুরু হচ্ছে। এবার সারাদেশের প্রায় ১০ লাখ ৫০ হাজার পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশ নেবেন। আজ বৃহস্পতিবার দুপুর ১টায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ নিজ মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে এবারের এইচএসসি ও সমমান পরীক্ষার বিস্তারিত তথ্য-উপাত্ত তুলে ধরবেন।

এদিকে এবার পরীক্ষা শুরুর আগেই প্রশ্নপত্র ফাঁস ঠেকাতে সর্বাত্মক শক্তি নিয়োগ করতে জেলা প্রশাসকদের চিঠি দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। চিঠিতে দেশের প্রত্যন্ত অঞ্চলের • পরীক্ষা কেন্দ্রগুলোয় প্রশ্নপত্র পরিবহনে অধিকতর সতর্কতার কথা বলা হয়েছে। আন্তঃশিক্ষা বোর্ডের সমন্বয়ক ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আবু বক্কর ছিদ্দিক এ চিঠি দেওয়ার ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৬

## এইচএসসির

[শেষ পৃষ্ঠার পর]

কথা স্বীকার করেছেন। প্রতি বছরই পাবলিক পরীক্ষার সময় প্রশ্নপত্র ফাঁসের গুজব ছড়ায়। বিশেষ করে প্রশ্নপত্রের নামে ভুয়া প্রশ্নের এক ধরনের বাণিজ্য শুরু হয় জেলা শহরের ফটোকপির দোকান আর কোচিং সেন্টারগুলোয়। পরীক্ষার আগের রাতে এসব চক্রের তৎপরতা রোধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর গোয়েন্দা নজরদারি বাড়ানোর জন্যই এবার জেলা প্রশাসকদের বিশেষ গুরুত্ব দিতে চিঠিতে বলা হয়েছে।

শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদের সঙ্গে কথা বলে জানা গেছে, গত বছর এ পরীক্ষায় ১০ লাখ ৭৩ হাজার ৮৮৪ জন পরীক্ষার্থী অংশ নিয়েছিলেন। কিন্তু এবার উচ্চ মাধ্যমিক স্তরে প্রায় ১৬ শতাংশ শিক্ষার্থী ঝরে পড়েছেন। এ হার সিলেট বিভাগে সবচেয়ে বেশি। এ ছাড়া এবার ঢাকা শিক্ষা বোর্ডেও পরীক্ষার্থীর সংখ্যা গতবারের চেয়ে কমেছে। এবার ঢাকা বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা প্রায় সাড়ে তিন লাখের মতো।

প্রসঙ্গত, সূচি অনুযায়ী এইচএসসির তত্ত্বীয় বিষয়ের পরীক্ষা শেষ হবে আগামী ৯ জুন। এরপর ১১ থেকে ২০ জুন পর্যন্ত চলবে ব্যবহারিক পরীক্ষা।